

মধ্যপ্রাচ্যের ৪দেশের সঙ্গে ফ্লাইট চলাচল স্বাভাবিক

- A Monitor Desk Report

Date: 25 June, 2025



ঢাকাঃ কাতার, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত ও বাহরাইন তাদের আকাশসীমা খুলে দেয়ান দেশগুলোর সঙ্গে ফ্লাইট চলাচল স্বাভাবিক হয়েছে বলে জানিয়েছে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ।

কর্তৃপক্ষ জানায়, সোমবার (২৩ জুন) দিবাগত রাত ৩টার পর মধ্যপ্রাচ্যের এ দেশগুলো তাদের আকাশসীমা আবার খুলে দিয়েছে। বর্তমানে দোহা, দুবাই, আবুধাবি, কুয়েত ও বাহরাইন রুটে সব বাণিজ্যিক ফ্লাইট স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।

শাহজালাল বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন এসএম রাগীব সামাদ এ তথ্য নিশ্চিত করেছেন।

এ পরিস্থিতিতে যাত্রীদের নিজ নিজ এয়ারলাইনস অফিস বা ট্রাভেল এজেন্টের সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের হালনাগাদ সময়সূচি ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সম্পর্কে জানতে এবং ভ্রমণ কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করেছে বিমানবন্দর কর্তৃপক্ষ।

-B